

## শাহ আমানতের রাজস্ব আয় রেকর্ড ২৭০ কোটি ছাড়ালো

- A Monitor Desk Report

Date: 14 September, 2025



চট্টগ্রাম : শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের ইতিহাসে ২০২৪-২৫ অর্থবছরটি ছিল রাজস্ব আয়ের দিক থেকে রেকর্ড গড়ার বছর। সদ্যসমাপ্ত অর্থবছরে বিমানবন্দরটি ২৭০ কোটি ৪৯ লাখ টাকার রাজস্ব আয় করেছে, যা আগের বছরের তুলনায় প্রায় ৩৩ কোটি টাকা বেশি।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানায়, চলতি অর্থবছরে রাজস্ব আদায় হয়েছে ২৭০ কোটি ৪৯ লাখ টাকা, বিপরীতে ব্যয় হয়েছে ৪০ কোটি টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরে আয় হয়েছিল ২৩৭ কোটি টাকা, ব্যয় ছিল ৩৬ কোটি টাকা। ২০২২-২০২৩ অর্থবছরে আয় হয়েছিল ২২৫ কোটি টাকা, ব্যয় ৩৩ কোটি টাকা। আর ২০২১-২০২২ অর্থবছরে আয় ছিল ৭৯ কোটি টাকা, ব্যয় ২৭ কোটি টাকা। ২০২০-২০২১ অর্থবছরে আয় হয়েছিল মাত্র ৩০ কোটি টাকা, ব্যয় ছিল ২৬ কোটি টাকা।

২০২৫ সালের জুন পর্যন্ত আন্তর্জাতিক বুটে যাত্রী যাতায়াত করেছেন ৩ লাখ ৯২ হাজার ৪৫৬ জন। ২০২৪ সালে এই সংখ্যা ছিল ৯ লাখ ৮২ হাজার ৫৪০ জন, ২০২৩ সালে ৯ লাখ ৭৭ হাজার ৬৭৪ জন, ২০২২ সালে ৮ লাখ ৯৩ হাজার ৬৪ জন এবং ২০২১ সালে মাত্র ৩ লাখ ২২৬ জন।

বিমানবন্দর কর্তৃপক্ষ সূত্র জানিয়েছে, অভ্যন্তরীণ বুটে ২০২৫ সালের জুন পর্যন্ত দেশের বিভিন্ন গন্তব্যে গেছেন ৬ হাজার ৬৯০ জন যাত্রী। ২০২৪ সালে তা ছিল ১০ হাজার ৫০১ জন, ২০২৩ সালে ১২ হাজার ২৭৬ জন, ২০২২ সালে ১১ হাজার ৫৪২ জন এবং ২০২১ সালে ৪ হাজার ৯৮০ জন।

শাহ আমানত বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী ইব্রাহিম খলিল সংবাদমাধ্যমকে বলেন, এবার রেকর্ড রাজস্ব আয় হয়েছে। বকেয়া আদায়সহ নানা পদক্ষেপের কারণে এ প্রবৃদ্ধি এসেছে।

